কুষ্টিয়ায় ছাদ থেকে লাফ দিয়ে এসএসসি পরীক্ষার্থীর আত্মহত্যা

কুষ্টিয়ায় দ্বিতীয় তলা ভবনের ছাদ থেকে লাফ দিয়ে মাসুদ রানা তমাল(১৬) নামে এক এসএসসি পরীক্ষার্থী আত্মহত্যা করেছে। সোমবার সকাল সাড়ে ৯টার দিকে কুষ্টিয়া শহরের কাটাইখানা মোড় সমবায় মার্কেট-২ এর দ্বিতীয় তলা ভবন থেকে লাফ দিলে এ ঘটনা ঘটে।

নিহত মাসুদ রানা তমালের বাড়ি চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা পৌরসভার ১নং ওয়ার্ড এলাকায়। সে আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের প্রচার সম্পাদক তুহিন আহমেদের ছেলে ও আলমডাঙ্গা পাইলট মডেল হাইস্কুল থেকে এবারের এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল তার।

স্থানীয়রা জানান, হঠাৎ করে একটা শব্দ হয়। পরে আমরা দেখতে পাই সমবায় মার্কেটের নিচে একটি ছেলে ছাদ থেকে পড়েছে। আমরা সেখানে গিয়ে দেখি তার চোখে একটি মাস্ক বাধা। তার নাকে রক্ত ছিল। অজ্ঞান অবস্থায় তাকে উদ্ধার করে হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক মৃত ঘোষণা করেন। ছেলেটি হয়তো আত্মহত্যা করেছে।

নিহতের বাবা তুহিন বলেন, গতকাল বিকেলে আলমডাঙ্গা থেকে আমার স্ত্রী ও মেয়েকে সঙ্গে করে বোনের বাড়ি এসেছি। আর আমার ছেলে আলমডাঙ্গায় বাড়িতে ছিল। আজ সকালে পারিবারিক কাজে বোনের পরিবার ও আমরা মেহেরপুর যাচ্ছিলাম। পথিমধ্যে আমরা গাংনী এলাকায় পৌঁছালে আমার মোবাইলে কল দেয় একজন পুলিশ। তারপর এসে দেখি মর্গে আমার ছেলের মরদেহ।

কুষ্টিয়া মডেল থানার (ওসি) সাব্বিরুল আলম জানান, তমালের পরিবার কাছ থেকে জানতে পেরেছি। এবার এসএসসি পরীক্ষায় অংশ নেওয়ার কথা ছিল তার। আলমডাঙ্গা থেকে তার বন্ধুদের সঙ্গে কুষ্টিয়ায় এসেছিল সে। আজ সকাল সাড়ে ৯টার দিকে শহরের কাটাইখানা মোড়ের সমবায় মার্কেট-২এর দ্বিতীয় তলা ভবন থেকে লাফ দিয়ে আত্মহত্যা করেছে।

ঘটনাস্থল থেকে নিহতের মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে। এঘটনায় তমালের সঙ্গে থাকা তার বন্ধুদের খোঁজে পাওয়া যায়নি। পরিবার বা কারো কোনো অভিযোগ না থাকায় ময়নাতদন্ত করে মরদেহটি পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে। এদিকে তমালের আত্মহত্যার কারণ জানাতে

পারেনি পুলিশ।

মিরপুরের কবরবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ

শিক্ষার মান উন্নয়নসহ সন্তানের প্রতি মায়েদের দায়িত্ব ও করনীয় বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কুষ্টিয়ার মিরপুর উপজেলার কবরবাড়ীয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে বিদ্যালয় মাঠে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মিরপুর উপজেলা সহকারী শিক্ষা অফিসার মোঃ রবিউল ইসলাম।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মুরাদ হোসেনের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য দেন বিদ্যালয়ের পরিচালনা কমিটির সহ সভাপতি মোঃ বিপুল হোসেন, বারুইপাড়া ইউনিয়ন পরিষদের সদস্য মোঃ আবদার হোসেন, মোঃ সবজেল, মোঃ আরিফুল ইসলামসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ।

সমাবেশে বক্তারা বলেন, শিক্ষার কোনো বিকল্প নেই। সন্তানের জীবনের প্রথম শিক্ষার হাতেখড়ি মায়ের কাছ থেকেই শুরু হয়। মা একজন সন্তানের জীবনে অনন্য ভূমিকা পালন করেন। মা একটু সচেতন হলেই সন্তানকে সুশিক্ষায় শিক্ষিত করতে পারেন। বক্তারা সন্তানের পড়ালেখায় মায়েদের আরও দায়িত্বশীল হওয়ার অনুরোধ জানান।

সমাবেশে ছাত্রছাত্রীসহ এলাকার শতাধিক মায়েরা অংশ গ্রহণ করেন।

মা ইলিশ ও জাটকা সংরক্ষণে জেলেদের গরুর বাছুর প্রদান

কুষ্টিয়ার মিরপুরে দশ জন জেলের মাঝে বকনা গরুর বাছুর প্রদান করা হয়েছে। সোমবার সকালে মিরপুর উপজেলা পরিষদ চত্বরে জেলেদের মাঝে এসব তুলে দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

মা ইলিশ ও জাটকা সংরক্ষণ এবং জেলেদের বিকল্প কর্মসংস্থানের মাধ্যমে ইলিশের উৎপাদন বাড়াতে ‘ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা’ শীর্ষক একটি প্রকল্পে র আওতায় দশ জন জেলেকে এই বকনা গরুর বাছুর প্রদান করা হয়।

এসময় মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল কাদির, মিরপুর উপজেলা মৎস্য কর্মকর্তা মোঃ শরিফুল ইসলাম, কৃষি অফিসার রমেশ চন্দ্র ঘোষসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

মা ইলিশ ও জাটকা সংরক্ষণ এবং জেলেদের বিকল্প কর্মসংস্থানের মাধ্যমে ইলিশের উৎপাদন বাড়াতে এই প্রকল্পের মাধ্যমে ইলিশের উৎপাদন ও প্রাপ্যতা বাড়ানোর মাধ্যমে আমিষের চাহিদা পূরণ হওয়ার পাশাপাশি ইলিশ ধরা নিষিদ্ধ সময়ে জেলেদের বিকল্প কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে বলে আমি আশা করি। ফলে খাদ্য নিরাপত্তা বাড়বে ও জেলেদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে।

পরিবার থেকে নারীর প্রতি সম্মানের শিক্ষা দিতে হবে

কুষ্টিয়ায় নারীর প্রতি সহিংসতা ও বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার দুপুরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম।

কুষ্টিয়া জেলা প্রশাসন ও মহিলা অধিদফতরের যৌথ আয়োজনে সভায়

পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন, কুষ্টিয়া মহিলা বিষয়ক অধিদফতরের উপ-পরিচালক নুরে সফুরা ফেরদৌস।

মতবিনিময় সভায় বক্তৃতাকালে কুষ্টিয়ার জেলা প্রশাসক মোহাম্মদ সাইদুল ইসলাম বলেন, বাল্যবিবাহ একটি সামাজিক অপরাধ। বাল্যবিবাহ যখন হয়, তখন তা একটি পরিবার থেকেই হয়। তাই বাল্যবিবাহ নিজেদের পরিবারেই প্রথম রোধ করতে হবে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় সকল প্রকার সামাজিক বাধাসমূহ রোধ করা সম্ভব।

তিনি বলেন, বিজ্ঞানসম্মতভাবে চিন্তা করলে দেখা যায়, বারো বছরের একটা মেয়ে সন্তান নেওয়ার শারীরিক অবস্থায় থাকে না। শারীরিক জটিলতায় ভুগতে হয়। আজ এখানে আমরা যারা আছি, সবাই এই শিক্ষা নিই, আঠারো বছরের নিচে কোনো মেয়েকে বিয়ে দেব না এবং আমাদের প্রতিবেশি ও আত্মীয়-স্বজনদেরকে এই বিষয়ে বুঝাব।

জেলা প্রশাসক বলেন, ইভটিজিংও ঘর থেকেই শুরু হয়। এর কারণ হল, একজন নারীকে যখন অল্প বয়সে বিয়ে দেওয়া হয় তখন সে ফ্যামিলির সব বিষয় একা নিয়ন্ত্রণ করতে পারে না। স্বামীর নির্যাতনের শিকার হয়, পরিবারের বাচ্চারা তা দেখে দেখে শিখে। তখন ছেলে সন্তানেরা মনে করে এভাবে বউকে নির্যাতন করতে হয়, মেয়েরা মনে করে বিয়ের পরে তাদের হয়তো এভাবেই নির্যাতন সহ্য করতে হয়। তখন দায়ভার আমাদের সবার ওপরই পড়ে।

তিনি বলেন, প্রত্যেকটি পরিবারেই ছেলে-মেয়েদেরকে শিক্ষা দিতে হবে কিভাবে নারীর প্রতি সম্মান প্রদর্শন করতে হয়। কিভাবে নারীর সঙ্গে আচরণ করতে হয়।

তিনি আরও বলেন, ২০৪১ সালে আমরা একটি উন্নত দেশে যেতে চাই। সরকার সে লক্ষ্যে কাজ করছে। বর্তমান সরকার নারীবান্ধব সরকার। নারীদের বিভিন্ন উন্নয়নমূলক কাজে নানা পদক্ষেপ গ্রহণ করেছে। আমাদেরকেও বাল্যবিবাহ রোধে এগিয়ে আসতে হবে। এসময় তিনি এলাকার মসজিদের ইমামগেণেক বাল্যবিবাহ রোধ করতে এগিয়ে আসার জন্য আহ্বান জানান।

মুক্ত আলোচনায় বক্তব্য রাখেন, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শারমিন আক্তার, স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক মৃণাল কান্তি দে, কুষ্টিয়ার অতিরিক্ত পুলিশ সুপার মোস্তাফিজুর রহমান, জিপি এ্যাড, আসম আক্তারুজ্জামান মাসুম, ভেড়ামারা উপজেলা নির্বাহী কর্মকর্তা দীনেশ সরকার, দৌলতপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান এজাজ আহম্মেদ মামুন, জেলা শিক্ষা অফিসার জায়েদুর রহমান, শিশু একাডেমীর

কর্মকর্তা মখলেছুর রহমান, কুষ্টিয়া সাংবাদিক ইউনিয়নের সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, আফসার উদ্দিন গার্লস ফাজিল মাদ্রাসার অধ্যক্ষ হাফেজ মোঃ আব্দুল করিম, কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহা: মোজাম্মেল হকসহ সংশ্লিষ্টরা।

মতবিনিময় সভায় নারীর প্রতি সহিংসতা ও বাল্য বিবাহ প্রতিরোধ কল্পে বিভিন্ন দিক তুলে ধরে বক্তারা বলেন, নারীর প্রতি সহিংসতা রোধে সরকারের ৯৯৯ কল সেন্টার সার্বক্ষণিক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। নারীর সম্মান, অধিকার নিশ্চিত করতে আমাদের প্রত্যেককে নিজ নিজ পর্যায় থেকে কাজ করতে হবে। সহিংসতার বিরুদ্ধে প্রতিবাদ জোরদার করতে হবে।

এছাড়াও উপস্থিত বক্তারা আরো বলেন, নারীর ক্ষমতায়নের মাধ্যমে সমাজকে এগিয়ে নিতে পারিবারিক সহিংসতা প্রতিরোধ করতে হবে। এ ক্ষেত্রে সামাজিক সচেতনতার বিকল্প নেই। নারীর নীরবতার সুযোগ নিয়েই নির্যাতনের পরিধি বাড়ছে সমাজজুড়ে। নারী-পুরুষনির্বিশেষে সামাজিক সচেতনতা তৈরির মাধ্যমে, কর্মক্ষেত্রে তাৎক্ষণিক প্রতিবাদের মাধ্যমে নারীর প্রতি সহিংসতা অনেকাংশে কমিয়ে আনা সম্ভব বলে জানা উপস্থিত বক্তারা।

কুষ্টিয়ায় মাদক মামলায় যুবকের যাবজ্জীবন

কুষ্টিয়ায় মাদক মামলায় সুজন মণ্ডল (২৮) নামে এক যুবকের যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। সেই সঙ্গে তাকে ২০ হাজার টাকা জরিমানা অনাদায়ে, আরও এক বছরের সশ্রম কারাদণ্ড প্রদান করা হয়েছে।

রোববার (১২ জুন) দুপুরের দিকে কুষ্টিয়া অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মো. তাজুল ইসলাম এ রায় দেন।

যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত আসামি সুজন মণ্ডল কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার চর সোনাতলা গ্রামের মৃত সাদেক মণ্ডলের ছেলে। রায় ঘোষণার সময় সুজন আদালতে উপস্থিত ছিলেন না। তিনি পলাতক রয়েছেন।

মামলার বিবরণে জানা যায়, ২০১৮ সালের ২৩ জুলাই সকাল ৯টার দিকে দৌলতপুর উপজেলার চরদিয়াড় গ্রামের পশ্চিমপাড়ায় ঈদগাহ ময়দানের সামনে মাদক বিরোধী অভিযানে সুজন মণ্ডলের কাছে থাকা একটি প্লাস্টিক বস্তা থেকে ২৫ বোতল ফেনসিডিল উদ্ধার করে দৌলতপুর থানা পুলিশ। এ ঘটনায় সেদিনই তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে থানায় মামলা হয়।

আসামির বিরুদ্ধে দায়ের করা মামলাটি তদন্ত শেষে তার বিরুদ্ধে ২০১৯ সালের ২৯ এপ্রিল আদালতে অভিযোগপত্র দাখিল করেন তদন্তকারী কর্মকর্তা এসআই সাইফুল ইসলাম। ৭ জন সাক্ষীর সাক্ষ্য-প্রমাণ শেষে ১৯৯০ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন ১৯(১) টেবিল ৩(খ) ধারার অধীনে অপরাধ প্রমাণিত হওয়ায় আসামিকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত।

আদালতের পিপি অনুপ কুমার নন্দী বলেন, মাদক মামলায় দোষী প্রমাণিত হওয়ায় আসামি সুজন মণ্ডলকে যাবজ্জীবন সশ্রম কারাদণ্ড দিয়েছেন আদালত। যাবজ্জীবন কারাদণ্ডপ্রাপ্ত আসামি সুজন মণ্ডল একজন পেশাদার মাদক ব্যবসায়ী। শুধু মাদক ব্যবসায়ী নয়, তার বিরুদ্ধে একাধিক মামলাও রয়েছে বলেও জানান তিনি।

মহানবী (সা.) কে কটূক্তি প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন কর্মসূচী

প্রিয় নবী হযরত মুহাম্মদ (সা:) কে নিয়ে ভারতীয় বিজেপি মুখপাত্র নুপুর শর্মা ও প্রবীণ কুমার জিন্দাল আপত্তিজনক ও অবমাননাকর মন্তব্যের প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন কর্মসূচী পালন করেছে ধর্মপ্রাণ মুসল্লিরা।

শনিবার (১১ জুন) বাদ আছর কুষ্টিয়া শহরের এন এস রোডে্এই মানববন্ধন কর্মসূচী অনুষ্ঠিত হয়। সর্বস্তরের তাওহীদি জনতা কুষ্টিয়া এই মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে।

এর আগে খণ্ড খণ্ড মিছিল একত্রিত হয়ে মানববন্ধনে অংশ নেন হাজার হাজার ধর্মপ্রাণ মুসল্লিরা।

মোমতাজুল উলূম মাদ্রাসার মোহতামিম মাও: হাফেজ আরিফুজ্জামানের সভাপতিত্বে এবং আব্দুল মতিনের মানববন্ধন কর্মসূচীতে বক্তব্য রাখেন কুষ্টিয়া কেন্দ্রীয় মসজিদের ইমাম ও খতিব মুফতি আসাদুজ্জামান, সাদ্দাম বাজার মসজিদের ইমাম ও খতিব মুফতি মাসুম বিল্লাহ আল বাশারি, যুব নেতা আবু সাঈদ টুটুল, পৌর ৩ নং ওয়ার্ডের কমিশনার এস এম উসমান গনি, মুহাঃ নাহিন প্রমুখ।

মানববন্ধনে বক্তারা বলেন, ভারতের ক্ষমতাসীন দল বিজেপির নেতাদের একের পর এক ইসলাম ও মানবতার মুক্তির দূত মহানবী (সা.) এবং তাঁর পরিবার নিয়ে কটূক্তি সারা বিশ্বের মুসলমানদের চরমভাবে ক্ষুব্ধ করেছে।

ইসলাম বিদ্বেষী ক্ষমতাসীন বিজেপি নেতা কর্মীরা বিভিন্ন সময় আপত্তিকর মন্তব্য করে বিশৃঙ্খলা সৃষ্টি করতে চাই। বিভিন্ন ইসলামী রাষ্ট্রীয় দেশে গুলো প্রতিবাদ করতে দেখা যায়। যারা আমাদের নবীকে নিয়ে অবমাননাকর মন্তব্য করেন তাদের শুধু স্থায়ী, অস্থায়ী বহিষ্কার করলেই হবে না। তাদের দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনতে হবে পরবর্তীতে কোন ব্যক্তি এই ধরনের মন্তব্য করতে সাহস না দেখায়। ভারতীয় পণ্য বর্জনের ঘোষণা দেন। মানববন্ধনে ভারতে মহানবী (সা.) কে কটূক্তির তীব্র নিন্দা জানানো হয়।

কুষ্টিয়ায় অন্য ব্র্যান্ডের চাউল প্রস্তুত করার অপরাধে লাখ টাকা জরিমানা

দেশের বৃহত্তম চালের মোকাম কুষ্টিয়ার খাজানগরে অভিযান চালিয়ে অন্য ব্র্যান্ডের চাউল প্রস্তুত করার অপরাধে দুই প্রতিষ্ঠানকে ১লাখ টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর।

শনিবার দুপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর খুলনা বিভাগীয় উপ-পরিচালক মোঃ ইব্রাহিম হোসেনের নেতৃত্বে ও জেলা খাদ্য অফিসের সহযোগীতায় এই অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে নিজের মিলে অন্য ব্যান্ডের চাউল প্রস্তুত করার অপরাধে মেসার্স গ্রাম সরকার অটো রাইচ মিলকে ৫০হাজার ও ভিআইপি অটো রাইচ মিলকে ৫০হাজার টাকা করে জরিমানা করা হয়।

এসময় জেলা খাদ্য নিয়ন্ত্রক সুবির নাথ চৌধুরী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষন অধিদপ্তর কুষ্টিয়ার সহকারী পরিচালক সুচন্দন মন্ডলসহ র্যাব সদস্যরা উপস্থিত ছিলেন।

মায়ের পর চলে গেল মেয়েও

কুষ্টিয়ায় কাভার্ড ভ্যানের ধাক্কায় গৃহবধূ রিনা খাতুনের মৃত্যুর পর চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে তার মেয়ে জয়া খাতুন। এ সময় আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন স্বামী আশরাফুল ইসলাম জনি (৩৬)।

শুক্রবার (১০ জুন) রাত সাড়ে ৯টার দিকে কুষ্টিয়া-রাজবাড়ী আঞ্চলিক সড়কের নন্দনালপুর ইউনিয়ন পরিষদ এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, জনি তার স্ত্রী ও সন্তানকে নিযে মোটরসাইকেলযোগে পাংশার মাছপাড়া এলাকার শ্বশুরবাড়ি থেকে নিজ বাড়ি কুষ্টিয়ার হাউজিংয়ের দিকে যাচ্ছিলেন। আনুমানিক রাত সাড়ে ৯টার দিকে তারা কুমারখালীর নন্দনালপুর ইউনিয়ন পরিষদ এলাকায় পৌঁছায়। এ সময় একটি কাভার্ড ভ্যান মোটরসাইকেলকে ধাক্কা দেয়। এতে ছিটকে পড়ে ঘটনাস্থলে মারা যান রিনা খাতুন। এ ঘটনায় জনি ও তার সন্তান জয়া আহত হয়। পরে স্থানীয়রা তাদের উদ্ধার করে কুষ্টিয়া সদর হাসপাতালে পাঠায়। চিকিৎসাধীন অবস্থায় রাত ১টার দিকে জয়া মারা যায়।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক মেডিক্যাল অফিসার আশরাফুল আলম বলেন, ’হাসপাতালে আনার আগেই রিনা খাতুনের মৃত্যু হয়েছিল। একই ঘটনায় রাত ১০টার দিকে গুরুতর আহত অবস্থায় নিহতের স্বামী ও মেয়েকে

হাসপাতালে ভর্তি করা হয়। চিকিৎসাধীন অবস্থায় রাত ১টার দিকে মেয়ে মারা যায়। স্বামী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। তার অবস্থা মোটামুটি ভালো।

কুষ্টিয়ার কুমারখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কামরুজ্জামান তালুকদার বলেন, ‘কাভার্ড ভ্যানের ধাক্কায় মোটরসাইকেল আরোহী মা ও মেয়ের মৃত্যু হয়েছে। এ ঘটনায় স্বামী হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। টোলপ্লাজা এলাকা থেকে কাভার্ড ভ্যানটি জব্দ করা হয়েছে।

কুষ্টিয়ায় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে কর্মশালা

ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে কুষ্টিয়ায় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। আগামী ১৬ জুন থেকে চার দিনব্যাপী জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন সফল করতে শনিবার সকালে এ ওরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বেলা ১১ টায় নিজ কার্যালয়ে অনুষ্ঠিত এ কর্মশালায় বক্তব্য রাখেন কুষ্টিয়া সিভিল সার্জন ডাক্তার এ এইচ এম আনোয়ারুল ইসলাম, জেলা তথ্য কর্মকর্তা শিল্পী মন্ডল, কুষ্টিয়া প্রেস ক্লাবের সভাপতি আল মামুন সাগর। এছাড়াও কর্মশালায় বিভিন্ন গণমাধ্যম কর্মী ও সিভিল সার্জন অফিসের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

কর্মশালায় জানানো হয় জেলায় এবার ৬-১১ মাস বয়সী ২৬ হাজার ৭৩৯ শিশুকে নীল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে। আর ১২-৫৯ মাস বয়সী ২ লাখ ৮ হাজার ৫২২ শিশুকে লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

সিভিল সার্জন বলেন, এর বাইরেও কোনো শিশু থাকলে তাদেরকেও ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো হবে। জেলার মোট ১৫৬৬ কেন্দ্রে ৩১৩২ জন স্বেচ্ছাসেবক এই ক্যাম্পইন সফল করতে কাজ করবে। পথশিশু কিংবা পথ চলতি শিশুদের কথা চিন্তা করে বাস রেলস্টেশনসহ বিভিন্ন

জনসমাবেশ স্থলে কেন্দ্র স্থাপন করা হবে।

কর্মশালায় ভিডিও উপস্থাপনের মাধ্যমে ভিটামিন-এ এর গুরুত্ব তুলে ধরা হয়। শিশু মৃত্যুর ঝুঁকি কমাতে ভিটামিন এ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাই ৬ মাস বয়স হলেই মায়ের দুধের পাশাপাশি পরিমাণ মত ঘরে তৈরি সুষম খাবার খাওয়ানোর কথা বলা হয়েছে।

কুষ্টিয়ায় ট্রাকের ধাক্কায় ভ্যানচালক নিহত

কুষ্টিয়ায় ‘বেপরোয়া গতির’ ট্রাকের ধাক্কায় শাহেদ আলী নামে এক ভ্যানচালক নিহত হয়েছেন। বৃহস্পতিবার সকাল সোয়া ১০ টার দিকে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কের বটতৈল এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত শাহেদ আলী জেলার কুমারখালী উপজেলার মহেন্দ্রপুর গ্রামের চাঁদ আলীর ছেলে।

কুষ্টিয়া হাইওয়ে পুলিশের ওসি ইদ্রিস আলী ঘটনার সত্যতা স্বীকার করে জানান, সকালে শাহেদ আলী একটি মুরগি বোঝাই ভ্যান নিয়ে কুষ্টিয়া শহরের দিকে আসছিলেন।

পথে বটতৈল নামক স্থানের জিএসএম ইন্টারন্যাশনাল লিমিটেড এর সামনে এসে পৌঁছালে একটি বেপরোয়া গতির ট্রাক পেছন থেকে শাহেদ আলীকে চাপা দিলে ঘটনাস্থলেই তিনি মারা যান।

দুর্ঘটনার পর ট্রাকের চালক ও হেলপার পালিয়ে গেলেও ট্রাকটি পুলিশ হেফাজতে নিয়েছে । নিহতের মরদেহ ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।